

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ : ৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২০ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ২০১-আইন/২০১৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কর্মকর্তা ও কর্মচারী (ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরিউক্ত বিধিমালার তফসিলের ক্রমিক নং ৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

৭ সহকারী স্থপতি	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ১/৩ ভাগ পদ বিভাগীয় ড্রাফটসম্যানগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ২/৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) পদোন্নতির ক্ষেত্রে: স্থাপত্য কৌশলে ডিপ্লোমাসহ ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে: স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশলে স্নাতক ডিগ্রী।
--------------------	---------------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------	------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: সোহরাব হোসাইন
সচিব।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭২৪৫)

মূল্য : টাকা ৪.০০